সিনিয়র সিস্টেম এনালিস্ট এর দপ্তর
পরিকল্পনা বিভাগ
ডাইরী নং ২৭ তারিখঃ ২৫/৯/১৭
সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল
প্রোগ্রামার
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
সহকারী প্রোগ্রামার-১
সহকারী প্রোগ্রামার-২
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
ব্যক্তিগত কর্মকর্তা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় অধিশাখা
www.plandiv.gov.bd

## মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভার তারিখ ও সময়ঃ ১৮ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিঃ, সকাল ১০:০০ ঘটিকা

স্থানঃ এনইসি ১নং কমিটি কক্ষ, পরিকল্পনা বিভাগ।

সভাপতিঃ মোঃ জিয়াউল ইসলাম, সচিব
পরিকল্পনা বিভাগ।

১.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-ক।

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (সমন্বয়) বিগত ১০/০৮/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীর ক্রমিক ৫.০ এর অডিট আপত্তি সংক্রান্ত আলোচনায় পরিকল্পনা বিভাগের অডিট আপত্তির সংখ্যা ১৪টি ও টাকার পরিমাণ ২৪.৭০ লক্ষ টাকার স্থলে যথাক্রমে ৭টি এবং ২০.২১ লক্ষ টাকা প্রতিস্থাপন করে তা সংশোধন করা হয়। এছাড়া কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে গৃহীত হয়। অতঃপর কার্যপত্র অনুসারে বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৩.১ পরিকল্পনা কমিশনের বিভিন্ন সেক্টর/বিভাগের অননুমোদিত প্রকল্প প্রক্রিয়াকরণের মাসিক প্রতিবেদন, (আগস্ট, ২০১৭ মাসের) অননুমোদিত প্রকল্প প্রক্রিয়াকরণের মাসিক প্রতিবেদন ছক-'ক'

| সেক্টর/বিভাগ | গত মাসের জের | | চলতি মাসে প্রাপ্ত | | চলতি মাসে পিইসি/এসপিইসি হয়েছে | | চলতি মাসে প্রক্রিয়াকরণ সম্পন্ন | | মাস শেষে অবশিষ্ট | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | নতুন অননুমোদিত প্রকল্প | সংশোধিত অননুমোদিত প্রকল্প | নতুন অননুমোদিত প্রকল্প | সংশোধিত অননুমোদিত প্রকল্প | নতুন অননুমোদিত প্রকল্প | সংশোধিত অননুমোদিত প্রকল্প | নতুন অননুমোদিত প্রকল্প | সংশোধিত অননুমোদিত প্রকল্প | নতুন অননুমোদিত প্রকল্প | সংশোধিত অননুমোদিত প্রকল্প |
| ভৌত অবকাঠামো বিভাগ | ৩৮ | ১৪ | ২০ | ০৪ | ২২ | ০০ | ২২ | ০৫ | ৩৬ | ১৩ |
| কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ | ৩৮ | ০৩ | ১৮ | ০৩ | ১৫ | ০২ | ১৫ | ০৪ | ৪১ | ০২ |
| আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ | ১৯ | ১০ | ৩৮ | ০৮ | ২২ | ১১ | ৩৫ | ১২ | ২২ | ০৬ |
| শিল্প ও শক্তি বিভাগ | ১৭ | ০৪ | ০৯ | ২ | ০৪ | ০৩ | ০৭ | ০৩ | ১৯ | ০৩ |
| মোটঃ | ১১২ | ৩১ | ৮৫ | ১৭ | ৬৩ | ১৬ | ৭৯ | ২৪ | ১১৮ | ২৪ |

৩.২. ২০১৭-১৮ এডিপিতে অন্তর্ভুক্ত অননুমোদিত নতুন প্রকল্প দলিল প্রক্রিয়াকরণ ছক- 'খ'

| সেক্টর/বিভাগ | ২০১৭-১৮ এডিপিতে অন্তর্ভুক্ত অননুমোদিত প্রকল্পের সংখ্যা | ২০১৭-১৮ এডিপি তে অন্তর্ভুক্ত প্রকল্পের মধ্যে এ পর্যন্ত অনুমোদিত প্রকল্প সংখ্যা | | অন্তর্ভুক্ত নতুন প্রকল্প | | | চলতি মাসে প্রক্রিয়াকরণ (আগস্ট, ২০১৭ মাসের) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | একনেক কর্তৃক | মন্ত্রী মহোদয় কর্তৃক | গত মাসের জের | চলতি মাসে প্রাপ্ত | চলতি মাসে পিইসি/এসপিইসি সম্পন্ন | ইআরডিতে প্রেরণ | মন্ত্রণালয়ে প্রেরণ | একনেকে প্রেরণ | মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদন | মোট |
| ভৌত অবকাঠামো বিভাগ | ৫১৮ | ৩৪ | ০৫ | ২৭ | ১৬ | ১৬ | ০০ | ১১ | ০৮ | ০৪ | ২৩ |
| কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ | ২৯১ | ১৩ | ০২ | ২৬ | ১৭ | ১৫ | ০০ | ১৫ | ০২ | ০০ | ১৭ |
| আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ | ৩৯৯ | ১৫ | ১৫ | ১৮ | ৩৫ | ২১ | ০০ | ৩২ | ০১ | ০১ | ৩৪ |
| শিল্প ও শক্তি বিভাগ | ১০২ | ০৭ | ০১ | ১১ | ০৩ | ০৩ | ০০ | ০৩ | ০১ | ০০ | ০৪ |
| মোটঃ | ১৩১০ | ৬৯ | ২৩ | ৮২ | ৭১ | ৫৫ | ০০ | ৬১ | ১২ | ০৫ | ৭৮ |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৩.৩ ২০১৭-১৮ এডিপিতে অন্তর্ভুক্ত অননুমোদিত নতুন প্রকল্প বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে দলিল প্রক্রিয়াকরণ ছক- 'গ'

| সেক্টর/বিভাগ | ২০১৭-১৮ এডিপিতে অন্তর্ভুক্ত অননুমোদিত প্রকল্পের (বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে ) সংখ্যা | ২০১৭-১৮ এডিপিতে অন্তর্ভুক্ত (বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে) প্রকল্পের মধ্যে এ পর্যন্ত অনুমোদিত প্রকল্প সংখ্যা | | এডিপিতে অন্তর্ভুক্ত নতুন অননুমোদিত প্রকল্প (বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে ) | | | চলতি মাসে প্রক্রিয়াকরণ (আগস্ট, ২০১৭ মাসের) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | একনেক কর্তৃক | মন্ত্রী মহোদয় কর্তৃক | গত মাসের জের | চলতি মাসে প্রাপ্ত | চলতি মাসে পিইসি/এসপিইসি সম্পন্ন | ইআরডিতে প্রেরণ | মন্ত্রণালয়ে প্রেরণ | একনেকে প্রেরণ | মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদন | মোট |
| ভৌত অবকাঠামো বিভাগ | ১৪৫ | ০২ | ০০ | ০১ | ০০ | ০১ | ০০ | ০০ | ০০ | ০১ | ০১ |
| কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ | ৬৪ | ০০ | ০১ | ০০ | ০১ | ০১ | ০০ | ০১ | ০০ | ০০ | ০১ |
| আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ | ৬০ | ০১ | ০৩ | ০১ | ০৩ | ০২ | ০০ | ০১ | ০০ | ০০ | ০১ |
| শিল্প ও শক্তি বিভাগ | ৯১ | ০১ | ০০ | ০৫ | ০২ | ০১ | ০০ | ০১ | ০১ | ০০ | ০২ |
| মোটঃ | ৩৬০ | ০৪ | ০৪ | ০৭ | ০৬ | ০৫ | ০০ | ০৩ | ০১ | ০১ | ০৫ |

৪.০ শূন্য পদ পূরণ সংক্রান্ত আলোচনাঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| (ক) শূন্য পদ পূরণ সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। যুগ্মসচিব (প্রশাসন) বলেন যে, ৪র্থ শ্রেণীর ১২টি পদ শূন্য রয়েছে। তাছাড়া ১২ জন ৩য় শ্রেণীর কর্মচারীকে ২য় শ্রেণীর পদে পদোন্নতির প্রস্তাব এখন পিএসসিতে রয়েছে। ৪র্থ শ্রেণীর কর্মচারী হতে ৩টি ৩য় শ্রেণীর পদে পদোন্নতি প্রদান এবং ৩য় শ্রেণীর কর্মচারী হতে ১২টি ২য় শ্রেণীর পদে পদোন্নতি প্রদানের পর শূন্য পদে নিয়োগের কার্যক্রম গ্রহণ করা হবে।<br>সভাপতি ৪র্থ শ্রেণী হতে ৩য় শ্রেণীর পদে শীঘ্রই পদোন্নতি প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে বলেন এবং ৩য় শ্রেণীর কর্মচারীদের ২য় শ্রেণীর পদে পদোন্নতির যে প্রস্তাবটি পিএসসিতে রয়েছে তা যোগাযোগ করে দ্রুত বাস্তবায়নের জন্য অনুরোধ করেন।<br><br>NAPD প্রতিনিধি বলেন, ২য় ও ৩য় শ্রেণীর ০৬টি ক্যাটাগরীর ০৮টি পদের লিখিত পরীক্ষা সম্পন্ন হয়েছে। শীঘ্রই ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে।<br>BIDS এর প্রতিনিধি বলেন যে, ০৫টি পদে নিয়োগের কাজ চলমান রয়েছে। অবশিষ্ট শূন্যপদসমূহ দ্রুত পূরণ করা হবে।<br>সভাপতি NAPD ও BIDS এর নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার জন্য এবং অবশিষ্ট শূন্যপদসমূহ দ্রুত পূরণের জন্য অনুরোধ করেন। | (ক) পরিকল্পনা বিভাগের ৪র্থ শ্রেণী হতে ৩য় শ্রেণীর পদে শীঘ্রই পদোন্নতি প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ৩য় শ্রেণীর কর্মচারীদের ২য় শ্রেণীর পদে পদোন্নতির যে প্রস্তাবটি পিএসসিতে রয়েছে তা যোগাযোগ করে দ্রুত বাস্তবায়ন করতে হবে। তাছাড়া শূন্য পদে পূরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>এনএপিডি ও বিআইডিএস-এর চলমান নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে এবং অবশিষ্ট শূন্যপদসমূহ পূরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | মহাপরিচালক<br>এনএপিডি/বিআইডিএস<br>এবং<br>অতিরিক্ত সচিব-১<br>পরিকল্পনা বিভাগ<br>ও<br>যুগ্মসচিব (প্রশাসন)<br>পরিকল্পনা বিভাগ |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৫.০ অডিট আপত্তি সংক্রান্ত তথ্যাদিঃ

| মন্ত্রণালয় /সংস্থার নাম | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়কারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| পরিকল্পনা বিভাগ | ০৭ | ২১.২১ | যুগ্মসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, পরিকল্পনা বিভাগের মোট সংখ্যা ০৭ টি এবং উক্ত অডিট আপত্তির বিপরীতে জড়িত টাকার পরিমাণ ২১.২১ লক্ষ টাকা। গত ০৭-০৮-২০১৭ খ্রিঃ তারিখে ৮টি অডিট আপত্তির বিপরীতে ৯.৪৫ লক্ষ টাকার অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে। | অবশিষ্ট অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। | যুগ্মসচিব (বাজেট) পরিকল্পনা বিভাগ |
| পরিকল্পনা বিভাগ-এর আওতাধীন প্রকল্পসমূহ | ৩৮ | FAPAD হতে টাকার পরিমান জানা যায়নি। | FAPAD থেকে প্রাপ্ত পত্র নং ৫১/ফাপাড/সমন্বয়/অনিস্পন্ন আপত্তি/৭১-৭২/হালনাগাদ তথ্য/১৩৮৬, তারিখঃ ২০-০৭-২০১৭ খ্রিঃ এর মাধ্যমে হালনাগাদ তথ্য সমন্বয় সাধনের জন্য অনুরোধ করা হয়। তদ্‌প্রেক্ষিতে পরিকল্পনা শাখার সিনিয়র সহকারী প্রধান কে গত ০৯-০৭-২০১৭ খ্রিঃ প্রতিনিধি হিসাবে মনোনয়ন প্রদান করা হয়েছে। | FAPAD এর সাথে সমন্বয় সাধনের মাধ্যমে অডিট আপত্তির তথ্য হালনাগাদ করতে হবে এবং অনিস্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মসচিব (পিটিসি) পরিকল্পনা বিভাগ। ও সিনিয়র সহকারী প্রধান পিটি শাখা পরিকল্পনা বিভাগ। |
| বিআইডিএস | ৩৮ | ৩৫০.৪৭ | বিআইডিএস-এর অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৩৮টি জড়িত টাকার পরিমাণ ৩৫০.৪৭ লক্ষ টাকা। আপত্তি নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত আছে। | স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করে অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। | মহাপরিচালক বিআইডিএস ও যুগ্মসচিব (বাজেট) পরিকল্পনা বিভাগ |
| এনএপিডি | ০৩ | ৬.৯৭ | এনএপিডি প্রতিনিধি সভাকে জানান যে, অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৩টি জড়িত টাকার পরিমাণ ৬.৯৭ লক্ষ টাকা। প্রাক্তন মহাপরিচালকের অতিরিক্ত ভাতা গ্রহণ সংক্রান্ত অডিট আপত্তি শীঘ্রই নিষ্পত্তি করা যাবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক এনএপিডি ও যুগ্মসচিব (বাজেট) পরিকল্পনা বিভাগ |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৬.০ শাখা ভিত্তিক অনিষ্পন্ন কাজসমূহ পর্যালোচনাঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সভায় অনিষ্পন্ন চিঠিপত্রের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সিনিয়র সিস্টেম এনালিস্ট বলেন যে, ই-ফাইলিং এর মাধ্যমে নিষ্পত্তিকৃত পত্রের বিষয়টি ছকে সংযুক্ত করলে ই-ফাইলিং গতি বৃদ্ধি পাবে। যুগ্মসচিব (সমন্বয়) বলেন যে, ই-ফাইলিং এ নিষ্পত্তিকৃত নথির সংখ্যাসহ একটি নতুন ছকে তথ্যাদি প্রেরণের জন্য পত্র প্রেরণ করা হলেও সকল শাখা হতে এ বিষয়ে তথ্যাদি পাওয়া যায় না। ফলে নতুন ছকে তথ্যাদি সমন্বয় সভায় উপস্থাপন করা যাচ্ছে না। তিনি সকলকে নতুন ছক মোতাবেক তথ্যাদি প্রেরণের জন্য অনুরোধ করেন। | সমন্বয় অধিশাখা হতে প্রেরিত নতুন ছক মোতাবেক নিষ্পন্ন/অনিষ্পন্ন কাজের তথ্যাদি প্রেরণ করতে হবে। | পরিকল্পনা বিভাগ/কমিশনের সকল শাখা/অধিশাখা |

৭.০ বিভাগীয় মামলা সংক্রান্ত পর্যালোচনাঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| প্রশাসন অধিশাখা-১ এর উপসচিব সভাকে জানান যে, উক্ত অধিশাখায় বর্তমানে ০৪টি বিভাগীয় মামলা চলমান রয়েছে। ০২টি বিভাগীর মামলার ফাইল মতামতের জন্য পিএসসিতে রয়েছে, ০১টি বিভাগীয় মামলায় ২য় কারণ দর্শনোর নোটিশ জারী করা হয়েছে এবং অন্যান্য বিভাগীয় মামলাটির অভিযুক্ত কর্মকর্তা চাকুরী হতে অব্যাহতি চেয়েছেন। | বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। | যুগ্ম-সচিব (প্রশাসন), পরিকল্পনা বিভাগ। |

৮.০ অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত তথ্যাদিঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| পরিকল্পনা বিভাগের যুগ্মসচিব (সমন্বয়) সভাকে অবহিত করেন যে, অত্র বিভাগে কোন অভিযোগ পাওয়া যায়নি। তাছাড়া আওতাধীন সংস্থা হতেও অভিযোগ সংক্রান্ত তথ্য পাওয়া যায়নি। | কোন অভিযোগ পাওয়া গেলে তা নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, এনএপিডি/বিআইডিএস ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা পরিকল্পনা বিভাগ |

৯.০ বিবিধঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৯.১ পরিকল্পনা কমিশন চত্বরের ৫ ও ৬ নং ব্লকে ইন্টারনেট সংযোগ সংক্রান্ত আলোচনাঃ | | |
| পরিকল্পনা কমিশন চত্বরের ৫নং এবং ৬নং ব্লকে ইন্টারনেট সংযোগ এর বিষয়ে জানতে চান যে, কতদিনের মধ্যে সংযোগ প্রদান করা সম্ভব হবে। উত্তরে আইডিই প্রকল্পের প্রতিনিধি জানান যে, আগামী মাসের ১৫ তারিখের মধ্যে ৫ ও ৬ নং ব্লকে ইন্টারনেট সংযোগ প্রদান কাজ শেষ করা সম্ভব হবে।<br>সভাপতি ইন্টারনেট সংযোগের কাজ দ্রুত সময়ে যাতে সম্পন্ন হয় সেদিকে লক্ষ্য রাখার জন্য অনুরোধ করেন। | (১) পরিকল্পনা কমিশন চত্বরের ৫ ও ৬ নং ব্লকে ইন্টারনেট সংযোগের কাজ দ্রুত সময়ে যাতে সম্পন্ন হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন) এবং প্রকল্প পরিচালক আইডিই প্রকল্প পরিকল্পনা বিভাগ। |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৯.২ **Project Planning System (PPS) – Software** ব্যবহার করে প্রকল্প দলিল দাখিল সংক্রান্ত আলোচনাঃ | | |
| Project Planning System (PPS) – Software ব্যবহার করে প্রকল্প দলিল দাখিলের বিষয়ে যুগ্মসচিব (প্রশাসন) ও প্রকল্প পরিচালক, আইডিই প্রকল্প সভাকে জানান "সরকারী খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন সংক্রান্ত পদ্ধতি" শীর্ষক পরিপত্রের নির্দেশনা অনুসারে Implementation of Digital ECNEC (IDE) প্রকল্পের আওতায় তৈরিকৃত PPS software --এ ইংরেজীর পাশাপাশি বাংলায় প্রকল্প প্রস্তাবনা দাখিলের অপশন সংযোজন করা হয়েছে। তিনি বলেন উক্ত software –ব্যবহার করে অনলাইনে প্রকল্প প্রণয়ন এবং কমিশনে প্রেরণের সিদ্ধান্ত রয়েছে। এ সিদ্ধান্ত এবং IDE প্রকল্পের স্টিয়ারিং কমিটির সুপারিশ অনুসারে পাইলটিং হিসেবে নির্বাচিত স্থানীয় সরকার বিভাগকে অনুরোধ করে প্রকল্প দলিল দাখিলের জন্য পরিকল্পনা কমিশনের প্রকল্প প্রক্রিয়াকরণের সাথে জড়িত ৪টি সেক্টর/ডিভিশন হতে পত্র দেওয়া হলে অনলাইনে প্রকল্প দলিল দাখিলের সংখ্যা বৃদ্ধি পাবে বলে তিনি সভাকে জানান। সভাপতি উক্ত বিষয়ে পরিকল্পনা কমিশনের ০৪টি সেক্টর/ডিভিশন হতে পৃথকভাবে পত্র দেওয়ার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন এবং প্রয়োজনীয় সহযোগিতার জন্য তিনি প্রকল্প পরিচালককে বলেন। | স্থানীয় সরকার বিভাগ এর আওতাধীন উন্নয়ন প্রকল্পসমূহ PPS software এর মাধ্যমে দাখিলের জন্য পরিকল্পনা কমিশনের প্রকল্প প্রক্রিয়াকরণের সাথে জড়িত ৪টি সেক্টর/ডিভিশন হতে পৃথকভাবে পত্র প্রেরণ করতে হবে। | প্রধান<br>ভৌত অবকাঠামো বিভাগ/আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ/কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ/শিল্প ও শক্তি বিভাগ<br>পরিকল্পনা কমিশন।<br><br>এবং<br><br>প্রকল্প পরিচালক<br>IDE প্রকল্প<br>পরিকল্পনা বিভাগ |
| ৯.৩ ই-ফাইলিং সংক্রান্ত আলোচনাঃ | | |
| সভায় ই-ফাইলিং সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সিনিয়র সিস্টেম এনালিস্ট বলেন যে, পরিকল্পনা বিভাগ ই-ফাইলিং এ বর্তমানে পিছিয়ে রয়েছে। কেন না পরিকল্পনা বিভাগের ৭টি শাখা/অধিশাখা হতে গত মাসে কোন নথি উপস্থাপিত হয়নি। তাছাড়া ২টি শাখা হতে কেবলমাত্র ১টি করে নথি উপস্থাপন করা হয়েছে। তাই তিনি সকল শাখা/অধিশাখাকে ই-ফাইলিং এর মাধ্যমে নথি উপস্থাপনের জন্য অনুরোধ করেন। ফাইলিং সংক্রান্ত বিভিন্ন সমস্যার সমাধানের জন্য এটুআই হতে আমন্ত্রিত কর্মকর্তাদ্বয় সভায় সকলের নিকট ই-ফাইলিং এর ক্ষেত্রে কি কি সমস্যা হচ্ছে তা জানতে চান। তাঁরা বিভিন্ন সমস্যার বিষয়ে শুনেন এবং সমস্যা সমাধানের পদ্ধতি নিয়ে আলোচনা করেন। সভাপতি এটুআই হতে আগত কর্মকর্তাদ্বয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং সকলকে ই-ফাইলিং এর মাধ্যমে নথি উপস্থাপনের জন্য অনুরোধ করেন। | ই-ফাইলিং এর মাধ্যমে নথি উপস্থাপন করতে হবে এবং বিষয়টি অব্যাহত রাখতে হবে। | পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের সকল শাখা/অধিশাখা |
| ৯.৪ একনেক সভার সময় গাড়ী পাকিং সংক্রান্ত আলোচনাঃ | | |
| একনেক সভায় আগত মাননীয় মন্ত্রীবর্গ এবং মন্ত্রিপরিষদ সচিব ও মুখ্য সচিব মহোদয়ের গাড়ী পার্কিং এর বিষয়ে সভায় আলোচনা হয়। সভাপতি বলেন যে, মাননীয় মন্ত্রীবর্গ এবং মন্ত্রিপরিষদ সচিব ও মুখ্য সচিব মহোদয়ের গাড়ী পার্কি এর স্থান নির্ধারণ করে দিলে ভাল হয়। ফলে তাঁদের গাড়ী পার্কিং এবং সভা শেষে গাড়ীতে উঠার ক্ষেত্রে সুবিধা হবে। তাই তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে উপসচিব (প্রটোকল/সম্মেলন)কে অনুরোধ করেন। | একনেক সভায় আগত মাননীয় মন্ত্রীবর্গ এবং মন্ত্রিপরিষদ সচিব ও মুখ্য সচিব মহোদয়ের গাড়ী পার্কিং এর স্থান নির্ধারণ করে দিতে হবে এবং এ স্থানগুলোতে স্টিকার লাগিয়ে দিতে হবে। | উপসচিব<br>(প্রটোকল/সম্মেলন)<br>পরিকল্পনা বিভাগ |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৯.৫ নতুন পদ সৃজন সম্পর্কিত আলোচনাঃ | | |
| সভায় পরিকল্পনা কমিশনের বিভিন্ন উইং এবং শাখায় ২য় ও ৩য় শ্রেণীর কর্মকর্তা/কর্মচারীর পদ সৃজনের বিষয়ে অগ্রগতি নিয়ে আলোচনা হয়। যুগ্মসচিব (প্রশাসন) জানান যে, পদ সৃজন সংক্রান্ত প্রস্তাবনাটি বর্তমানে জনপ্রশাসন মন্ত্রণালয়ে রয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমতি পাওয়ার পর তা অর্থ বিভাগে প্রেরণ করা হবে। জনপ্রশাসন মন্ত্রণালয় এখন পর্যন্ত এ বিষয়ে কোন সভা আহ্বান করেনি। সভা আহ্বান করা হলে পরিকল্পনা বিভাগ পদ সৃজনের পক্ষে প্রয়োজনীয় যুক্তি তুলে ধরবে এবং পদ সৃজন সম্ভব হবে মর্মে আশা করা যায়। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে পদ সৃজনের বিষয়টি ত্বরান্বিত করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ |
| ৯.৬ বৈদেশিক প্রশিক্ষণে গমনকারী কর্মকর্তার প্রশিক্ষণ সংক্রান্ত অভিজ্ঞতা মাসিক সমন্বয় সভায় উপস্থাপনঃ | | |
| কাডানায় ভ্রমণকারী ২টি দল তাঁদের প্রশিক্ষণলব্দ জ্ঞানের উপর ২টি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন। সভায় উপস্থিত সকলেই তাঁদের প্রশিক্ষণলব্দ জ্ঞানের ভূয়শী প্রশংসা করেন। | পরিকল্পনা বিভাগ হতে জারীকৃত জি.ও এর মাধ্যমে বৈদেশিক প্রশিক্ষণে অংশ গ্রহণকারী কর্মকর্তাগণ প্রশিক্ষণ সমাপ্তির পরবর্তী মাসের সমন্বয় সভায় একটি ৫/৬ মিনিটের উপস্থাপনা পেশ করবে। এক্ষেত্রে বিনা নোটিশে সভায় উপস্থিত হতে পারবে। | পরিকল্পনা বিভাগ/কমিশনের সকল কর্মকর্তা |

১০.০ আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/- ২৪/০৯/২০১৭ খ্রিঃ
(মোঃ জিয়াউল ইসলাম)
সচিব
পরিকল্পনা বিভাগ, ঢাকা।

নং- ২০.০০.০০০০.৩৩২.০৬.০৫৩.১১-(অংশ-১)- ৪০৭

তারিখঃ ০৯ আশ্বিন, ১৪২৪ বঙ্গাব্দ
২৪ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিষ্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, নীলক্ষেত, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৩. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, ই-১৭, আগারগাঁও, ঢাকা।
৪. প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৫. যুগ্মসচিব (সকল),পরিকল্পনা বিভাগ , ঢাকা।
৬. যুগ্মপ্রধান (সকল), পরিকল্পনা বিভাগ/ পরিকল্পনা কমিশন, ঢাকা।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয় ঢাকা
৮. উপসচিব (সকল) পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
৯. উপপ্রধান(একনেক), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১০. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয় ঢাকা
১১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা ( Website এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
১২. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, সচিবালয় ভবন, ফেজ-৩, সেগুনবাগিচা, ঢাকা।

১৩. নির্বাহী প্রকৌশলী ইএম বিভাগ-৭ গণপূর্ত বিভাগ/নির্বাহী প্রকৌশলী গণপূর্ত উপ-বিভাগ-২, শেরেবাংলা নগর, ঢাকা।
১৪. সিনিয়র সহকারী সচিব (সকল)/ সহকারী সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৫. সচিব মহোদয়ের একান্ত সচিব/সদস্য মহোদয়ের একান্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ/পরিকল্পনা কমিশন, ঢাকা।
১৬. সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৭. সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৮. উপ-বিভাগীয় প্রকৌশলী (গণপূর্ত উপ-বিভাগ-৩/ ইএম উপ-বিভাগ-১৪), শেরেবাংলা নগর, ঢাকা।
১৯. উপ-বিভাগীয় কর্মকর্তা, আরবরিকালচার, গণপূর্ত উপ-বিভাগ, আসাদগেট, শেরেবাংলা নগর, ঢাকা।
২০. সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২১. PRO, মাননীয় মন্ত্রীর দপ্তর, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
২২. প্রোগ্রামার/মেইনটেইন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২৩. সহকারী পরিচালক, এসএসআরসি/বাজেট অফিসার/হিসাবরক্ষণ কর্মকর্তা/লাইব্রেরী অফিসার, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২৪. সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২৫. উপ-সহকারী প্রকৌশলী (ফোনস), বিটিসিএল, পরিকল্পনা কমিশন চত্বর, শেরেবাংলা নগর, ঢাকা।
২৬. মেডিকেল অফিসার, স্বাস্থ্য কেন্দ্র/ পুলিশ ইনচার্জ, পরিকল্পনা কমিশন চত্বর, শেরেবাংলা নগর, ঢাকা।

২৪/৯/২০১৭

(শ্যামল কুমার সিংহ)
যুগ্মসচিব
ফোনঃ ৯১১৭৯১৪
E-mail: dsplandivco@gmail.com